কুষ্টিয়ায় দুস্থদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করলেন ডিসি

করোনা ভাইরাস পরিস্থিতিতে বেকায়দায় পড়া কুষ্টিয়ায় কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।
গতকাল বুধবার সকালে কুষ্টিয়া শেখ কামাল স্টেডিয়াম মাঠে প্রধান অতিথি হিসেবে ১২০ জন মানুষের হাতে খাদ্য সামগ্রী তুলে দেন জেলা প্রশাসক (ডিসি) মোহাম্মদ সাইদুল ইসলাম।

প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল থেকে প্রত্যেককে ১০ কেজি চাল, ১ কেজি ডাল ও ১ লিটার করে সয়াবিন তেল দেওয়া হয়।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মৃণাল কান্তি দে, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ওবায়দুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সিরাজুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানে বেদে সম্প্রদায়, তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী, প্রতিবন্ধী ও কর্মহীন হয়ে পড়া ১২০ পরিবারের সদস্যদের মাঝে এসব বিতরণ করা হয়।

গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে আরএফএল কোম্পানির ম্যানেজারের মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলা ৭ নং মহারাজপুর ইউনিয়নের কানুহর পুর গ্রামের আমির আলীর সেজো ছেলে তরিকুল ইসলাম।
তরিকুল ইসলাম আরএফএল কোম্পানির যশোর ডিপোর রিজওনাল ম্যানেজার ছিলেন।

গতা২৩-৪-২০২১ তারিখে তরিকুল ও তার স্ত্রী ইফতারি তৈরি করছিলেন এমন সময় গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ হয় এতে করে তরিকুল তার স্ত্রী

ও তার ছেলে অগ্নিদগ্ধ হয়।

প্রথমে তাদের কে যশোর সদরে নেওয়া হয় তরিকুলের অবস্থা আশঙ্কাজনক থাকায় ডাক্তার তাকে ঢাকা রেফার্ড করেন।
গতকাল বুধবার দুপুরে তিনি চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেন।

তার মৃত্যুতে তার অফিস পাড়ায় এবং স্বজনদের মাঝে শোকের ছায়া নেমে এসেছে।

দর্শনায় মায়ের অভিযোগে মাদকাসক্ত সন্তানের জেল

দামুড়হুদা দর্শনার ঈশ্বরচন্দ্রপুরে এক অসহায় মা তার মাদকাসক্ত ছেলেকে তুলে দিলেন আইনের হাতে।

সন্তানের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে গতকাল বুধবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা ইউএনও ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এ সময় ঐ মাদকাসক্তকে ৬ মাসের কারাদণ্ড দেয়া হয়। দণ্ডপ্রাপ্ত ঐ মাদকাসক্তের নাম সম্পদ। সম্পদের পিতার নাম আজাদ।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকালে নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান বলেন, প্রত্যেক মাদকাসক্ত ব্যক্তিই নিজ পরিবার ও সমাজের জন্য অভিশাপ।
ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকালে সহযোগিতায় ছিলেন, পেশকার জিহন আলী ও দর্শনা থানা পুলিশ।

চুয়াডাঙ্গা সদর থানার উদ্যোগে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান এর নেতৃত্বে চুয়াডাঙ্গা বড়বাজার হাসান চত্বরে মাস্ক,হ্যান্ড স্যানিটাইজার ও সচেতনতা মূলক মাইক প্রচার করা হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে দশটার সময় বৈশ্বিক মহামারী করোনার দ্বিতীয় ধাপ মোকাবেলায় শহীদ হাসান চত্বরে দোকানপাট, শপিংমল, হাট বাজারে আসা ব্যক্তি এবং রাস্তায় চলাচলগামী সাধারণ জনতাকে করোনার ভয়াবহতা ও এর ক্রমবর্ধমান হারে বিস্তার রোধকল্পে সচেতনতা সহ হ্যান্ড স্যানিটাইজার মাক্স ও মাইক প্রচার করা হয়।

এসময় চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান বলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর) সার্কেল মোঃ জাহাঙ্গীর আলম এর নির্দেশনায় এই কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

তিনি আরোও বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল নির্দেশনা আমাদেরকে মেনে চলতে হবে প্রয়োজন ছাড়া ঘরের বাহিরে বের হওয়া যাবেনা এবং সকলকে মাস্ক পরিধান করতে অনুরোধ জানান।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর থানার পুলিশের একটি চৌকস টিম।

মেহেরপুরে নতুন করে দুই জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ দুই জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৯০৮ জন। ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১৩৮ জন।

নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ২১ টি। এর মধ্যে ০২ টি পজিটিভ (গাংনী-১, মুজিবনগর-১)। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৫৮৩ টি। এর মধ্যে করোনা পজেটিভ ৯০৮ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২৬ (সদরে- ১১, গাংনীতে- ১০, মুজিবনগর- ০৫) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১৯ জন। এ পর্যন্ত সুস্থ্য হয়েছে ৭৯৫ জন।

বিভিন্ন সূত্রে পাওয়া পজিটিভদের পরিচয়- গাংনী উপজেলার মাইলমারির রেহেনা খাতুন (৬৩) ও মুজিবনগর উপজেলার ভবরপাড়ার আফিরন (৫০)।

কুষ্টিয়ায় আ.লীগের দুই পক্ষের সংঘর্ষে গুলিবিদ্ধসহ আহত ৩

কুষ্টিয়ার কুমারখালীতে স্থানীয় আওয়ামী লীগের দুই পক্ষের নেতা- কর্মীদের মধ্যে সংঘর্ষে পুলিশের এএসআইসহ তিনজন আহত হয়েছেন।

এর মধ্যে রাশেদুল হক (৩৫) নামে এক ব্যক্তি হাতে গুলিবিদ্ধ হয়েছেন।

বুধবার সকালের দিকে উপজেলার বাগুলাট ইউনিয়নের শালঘরমধুয়া গ্রামে এ ঘটনা ঘটে।

ঘটনার পর উভয় পক্ষের অর্ধশতাধিক বাড়িঘর ভাঙচুর করা হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ শটগানের ১৫টি ফাঁকা গুলি করে। এ সময় অন্তত ১০ জনকে আটক করা হয়। বর্তমানে সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

আহত ব্যক্তিরা হলেন বাঁশগ্রাম পুলিশ ক্যাম্পের সহকারী উপপরিদর্শক (এএসআই) ফরিদ হোসেন, শালঘরমধুয়া গ্রামের মৃত চাঁদ আলীর ছেলে ফারুক হোসেন (৩৮) ও আতিয়া শেখের ছেলে রাশেদুল হক (৩৫)। আহত

পুলিশসহ তিনজন আহত হয়েছেন। ঘটনাস্থল থেকে ১০ জনকে আটক করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।

একজন গুলিবিদ্ধের বিষয়ে জানতে চাইলে এই পুলিশ কর্মকর্তা বলেন, সংঘর্ষের সময় পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে পুলিশ সদস্যরা দুটি বিলের মধ্যে চলে যান। গুলিবিদ্ধ কীভাবে হলেন জানা নেই।

গাংনীতে আওয়ামী লীগের দু’পক্ষের সংঘর্ষের ঘটনায় আরো এক আসামী গ্রেফতার

গাংনীর সাহারবাটির আওয়ামী লীগের দু পক্ষের সংঘর্ষ ও বোমা হামালার ঘটনায় পাল্টাপাল্টি মামলায় টুটুল পক্ষের একজন এজাহার ভুক্ত আসামী কে গ্রেপ্তার করেছে পুলিশ।

বুধবার সকাল ১০ টার সময় সাহারবাটি মাঠ থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেপ্তারকৃত আসামী হচ্ছেন সাহারবাটি গ্রামের তোকুল হোসেনের ছেলে সাগর আলী(২২)। তাকে মেহেরপুর আদালতে পাঠানো হয়েছে।

পুলিশ জানায়, গাংনীর সাহারবাটি বাজারে আওয়ামীলীগের দু’গ্রুপে সংঘর্ষ ও বোমা হামলার ঘটনায় উভয় পক্ষ দুটি মামলা দায়ের করেন।

মামলার আসামী সাগর আলী সাহারবাটি মাঠে অবস্থান করছেন এমন গোপন সংবাদের বিভিত্তে তাকে গ্রেফতার করা হযেছে।

পরে তাকে আদালতে সোপর্দ করা হয়। মামলার অন্য আসামীদের গ্রেফতারের চেষ্টা চলছে।

ঝিনাইদহে ইজিবাইক ও প্রাইভেটকারের মুখোমুখি সংঘর্ষ -নিহত ৩

ঝিনাইদহ-কুষ্টিয়া সড়কের দুধসর নামক স্থানে বুধবার বিকালে সড়ক দুর্ঘটনায় তিনজন নিহত হয়েছেন। নিহতরা হলেন, শৈলকুপার ফুলহরি গ্রামের ফজলুর রহমানের স্ত্রী তহুরা খাতুন (২৫), একই উপজেলার গোকুলনগর গ্রামের ছবুর আলীর ছেলে তুহিন (২৮) ও রেনু খাতুন। দুর্ঘটনায় ৪ জন গুরুতর আহত হন। আহতদের মধ্যে ২ জনের অবস্থা গুরুতর। তাই নিহত’র সংখ্যা আরো বাড়তে পারে বলে হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক মারুফ আক্তার জানান।

দুর্ঘটনায় ইজিবাইকটি দুমড়ে মুচড়ে রাস্তার খাদে পড়ে যায়। শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম জানান, বুধবার পৌনে বিকাল তিনটার দিকে শৈলকুপার দুধসর নামক স্থানে একটি প্রাইভেট কারের সঙ্গে ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলেই রেনু নামে এক মহিলা নিহত হন। এ সময় আহত হন ৬ জন। শৈলকুপা দমকল বাহিনীর সদস্যরা আহতদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে আসলে তহুরা ও তুহিনের মৃত্যু ঘটে। হতাহতরা সবাই ইজিবাইকের যাত্রী বলে পুলিশ ধারণা করছে।

মেহেরপুরে হলুদ তরমুজ চাষে সফলতার স্বপ্ন চাষিদের

দেখতে নয়নাভিরাম আর খেতে সুস্বাদু তৃপ্তি জাতের এই তরমুজ চাষে লাভবান হবার স্বপ্ন দেখছেন সৌখিন চাষি জহুরুল। মেহেরপুর সদর উপজেলার উজুলপুর মাঠে হলুদ রঙের এই তরমুজ দেখতে অনেকেই যেমন ভীড় জমাচ্ছে তার খেতে তেমনি এ তরমুজ চাষেও পরামর্শ নিচ্ছেন এলাকার ফল

চাষিরা। কৃষি অফিস বলছে, স্বল্প পুঁজি বিনিয়োগ আর অল্প সময়ে এ তরমুজ চাষে বেশ লাভবান হওয়া সম্ভব।

সরেজমিনে দেখা গেছে, সবুজ কচি লতাপাতার মাঝে ঝুলছে হলুদ বর্ণের ফল। পাঁকলে ভিতরে টুকটুকে লাল। তৃপ্তি জাতের এই তরমুজ শোভা পাচ্ছে চাষি জহিরুলের খেতে। মালচিং পদ্ধতিতে চাষ করা এ তরমুজ দেখতে যেমন সুন্দর খেতেও বেশ সুস্বাদু। অন্যান্য তরমুজের থেকেও বেশ আলাদা। লতার বোটায় বোটায় ঝুলছে কচি ও পাঁকা তরমুজ। জেলায় এই প্রথম এ তরমুজের চাষ হচ্ছে।

চাষি জহিরুল ইসলাম জানান, অনলাইন থেকে উৎসাহিত হয়ে এ তরমুজ চাষের প্রতি আগ্রহী হন জহিরুল। ঠিকানা ও বীজ সংগ্রহ করেন। পরে বিশেষ কায়দায় জমি প্রস্তুত করে বীজ রোপন করেন । কচি ডগা থেকে লতা বেড়ে ওঠা পর্যন্ত কোন বালাই নাশক ব্যবহার করা হয় না। সেক্স ফেরোমিন পদ্ধতিতে বালাই দমন করা হয়। রোপন থেকে ফল পাঁকা পর্যন্ত সময় লাগে ৬০ দিন। বীজ সার মাঁচা আর সুতোর জাল বাবদ প্রতি বিঘা জমিতে খরচ হয় ৪০ থেকে ৫০ হাজার টাকা । আর তাতে পাওয়া যায় অন্ততঃ দেড় থেকে দু’লাখ টাকা।

চায়না জাতের এ তরমুজ দেখতে দূর দূরান্ত থেকে যেমন লোকজন ভীড় জমাচ্ছে তেমনি ফল চাষিরাও পরামর্শ নিচ্ছেন এ তরমুজ চাষের। পরামর্শ নিতে আসা চাষি ইন্তাজুল জানান, হলুদ তরমুজ চাষের খবর শুনে তিনি পরামর্শ নিতে এসেছেন। অল্প খরচে স্বল্প সময়ে এ তরমুজ চাষে বেশ লাভবান হওয়া সম্ভব বলে মনে করছেন তিনি। একই কথা জানালেন চাষি কামরুল ইসলাম ও ইয়ারুল।

উপসহকারি কৃষি অফিসার কামরুল ইসলাম জানান, এ অঞ্চলের মাটি তরমুজ চাষের জন্য উপযোগী। চাষি জহিরুল এ অঞ্চলে প্রথম এ তরমুজ আবাদ শুরু করেন। তাকে প্রয়োজনীয় পরামর্শ দেয়া হচ্ছে। অনেকেই আসছেন এ জাতের তরমুজ চাষের ব্যাপারে পরামর্শ নিতে। লাভজনক এ তরমুজ চাষের পরামর্শ দেয়া হচ্ছে এবং চাষিদেরকে উদ্বুদ্ধ করা হচ্ছে।

মুজিবনগরে চাষীদের মাঝে কৃষি প্রণোদনা বিতরন

মুজিবনগরে ২০২১-২২ অর্থ বছরে উফশী আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চাষীদের মাঝে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের শুভ উদ্বোধন করা হয়েছে।উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে মঙ্গলবার দুপুর বারোটার দিকে উপজেলা কৃষি অফিস প্রাঙ্গনে এ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসবো উপস্থিত থেকে প্রণোদনা বিতরনের শুভ উদ্বোধন করেন।

মুজিবনগর উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান বায়েজিদ এর সনচালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর কৃষি অধিদপ্তরের উপপরিচালক(ডিএই)স্বপন কুমার খাঁ।

এ সময় ১৫৫০ জন চাষীর মাঝে ৫ কেজি উফশী আউশ ধান বিজ,২০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার বিতরনের উদ্বোধন করা হয়।